# POLICY BRIEF

## Education for Waste Picker Children: Ensuring improved access and quality learning

### Introduction:

Waste-picking in Bangladesh is the occupation of the poorest of the poor. According to a study of Grambangla Unnayan Committee approximately 4,00,000 people of this country are surviving their lives through collecting, sorting, recycling, and selling materials where mostly are women and children (Maksud, 2011). The National 3R (Reduce, Reuse and Recycle) Strategy for Waste Management of Bangladesh found that in Dhaka alone, approximately 120,000 urban poor are involved in the recycling trade chain (Department of Environment, 2009). According to Women in Informal Employment: Globalizing and Organizing (WIEGO), (http://wiego.org/informal-economy/occupational-groups/waste-pickers) there is growing recognition that waste pickers contribute to the local economy, to public health and safety, and to environmental sustainability...they often face low social status, deplorable living and working conditions, and little support from local governments. In spite of this huge contribution to the economy, waste pickers are suffering from lack of nutritious food, poor housing facility, health service and education and training facilities. Like many other developing countries Bangladesh has made a significant progress to the MDG of universal primary education (UPE), equitable access in education (NER: 97.7 percent), reduction of dropouts, improvement in completion of the cycle, and implementation of a number of quality enhancement measures in primary education. But still a major part of children are remaining left out of school.

In Millennium Development Goals: Bangladesh Progress Report 2015, the Government of Bangladesh has mentioned the issue of inaccessibility of children with disabilities (CWD) to primary education as a challenge but has not mentioned the issues of others socially excluded children like waste pickers.

### Why are we focusing on waste picker children?

We all know that education is one of the basic needs and rights for the children. There are some specific reasons for focusing on education for waste picker children are stated below:

- Education is a constitutional right in Bangladesh.
- Bangladesh is a signatory to the `World Declaration on Education for All (EFA)' held in Jomtien, Thailand in March 1990 and `Summit of 9 High Population Countries' in New Delhi, India in 1993.
- Article 28 of UN Convention on the Rights of the Children (UNCRC) declares the right to free primary education for all children where Bangladesh is one of the signatory of UNCRC.
- The Goal 4 of SDGs cannot be achieved without addressing the issue of the most vulnerable groups especially the waste pickers' education. Since Goal 4 aims to ensure inclusive and



*Waste pickers children at Matuail waste dump site, Dhaka*

equitable quality education and promote lifelong learning opportunities for all.

- Approximately 400,000 people are engaged in waste picking profession in Bangladesh and more than 120,000 people are engaged in this occupation in Dhaka City. Among them, mostly are women and children.

## What are the barriers for educating child waste pickers?

### *Policy and Infrastructural Factors:*

- Reasonable policies and acts like "National Education Policy 2010", "Primary Education (Compulsory) Act, 1990", The Children Act 2013 etc. are in place but not implemented effectively for waste picker children. This is the fact for Bangladesh where, Compulsory Primary Education Act 1990 was introduced in 1990 but still a mass of children are out of school. The act could not ensure enrolment and completion of primary education by the children mainly because of severe poverty.
- Poor resource allocations for education especially for the children of socially excluded families .
- No day care center and pre-school and very few primary and secondary school and vocational training center are situated near the dumping areas.
- Almost no coverage of government education services to the waste picker community.

### *Social and Economic factors:*

- The primary education cycle completion rate was 79% in 2013 in Bangladesh. About five million children are out of school, either because they did not enroll school or dropped out early, mostly due to poverty. (General Economic Division, 2016).
- In most of the cases, the waste picker women are either divorced or separated or widow and live as single women with their children. Due to insecurity, waste picker mothers do not leave their children at the slums and bring their children with them to the dump site so that they can keep an eye on their children. Government primary schools open at 9 a.m. but woman waste pickers have to leave their home for waste dump site at around 5 a.m. So there is not one to accompany their children to schools (Maksud, 2011).
- Sometimes, a waste picker child becomes the main financial contributor to his family.
- A waste picker child can earn an average 100-300 Taka per day. So, their opportunity cost of schooling is much higher to them (Maksud, 2011).
- Lack of awareness about the importance of education among the waste picker families. Early marriage is very common among the waste picker groups. Early marriage causes discontinuation from education for both boys and girls.



*Waste Picking children with Bulldozer machine of Dhaka City Corporation at Matuail waste dump site*

## How is Bangladesh Responsible for Ensuring Education for Waste Picker Children?

Bangladesh is committed to ensure inclusive and quality education for all and promote lifelong learning to achieve sustainable development. As a signatory state to UNCRC, Bangladesh has pursued its obligations to ensure education for all.

Article 17 of the national constitution of Bangladesh mentions free and compulsory education; it articulates that the:

"State shall adopt effective measures for the purpose of (a) establishing a uniform, mass-oriented and universal system of education and extending free and compulsory education to all children...removing illiteracy within such time as may be determined by law".

Primary education was free and made compulsory under the Primary Education (Compulsory) Act 1990. The Act needs to be revised to ensure primary education as a fundamental right. To do that, Primary Education Act, 1990 can be modified in light of clause 17 (b) of the Constitution or the Constitution can be amended.

In Non-formal Education Act 2014, it has been stated that the children or adolescents who did not get chance to admit in primary school or was dropped out, will get alternative chance to get primary equivalent education by non-formal education system.

## Action Required:

- The Primary Education (Compulsory) Act 1990 needs to be revised to ensure primary education as a fundamental right. To do that, Primary Education Act, 1990 can be modified in light of clause 17 (b) of the Constitution or the Constitution of the People's Republic of Bangladesh can be amended.



*Education or waste picking, what should the children go for?*
*All of us **MUST** think of it again...*

- Ensuring inclusion of waste picking children through early childhood care and education.
- Set up enough day care centers and preschools in the localities where the dump sites are situated, therefore, the single and vulnerable women like waste pickers will be able to drop their children before going to work.
- Set up enough inclusive primary and secondary schools in the localities where the dump sites are situated, so that like other children the waste picking children can get the opportunity to study there.

## Reference:


- Department of Environment, Ministry of Environment and Forests, Government of the People's Republic of Bangladesh (2009). National 3R Strategy for Waste Management, Dhaka.
- General Economics Division, Planning Commission, Government of the People's Republic of Bangladesh (2016). 7th Five Year Plan FY 2015/16-FY 2019/20: Accelerating Growth, Empowering Citizens, p.531, Dhaka, Bangladesh.
- Maksud, A K M (2011). Inhuman Conditions of the Waste Picker Women and Children in Bangladesh, Dhaka.
- Millennium Development Goals: Bangladesh Progress Report 2015 http://www.plancomm.gov.bd/ wp-content /uploads/2015/09/MDGs-Bangladeh-Progress-Report_-PDF_Final_September-2015.pdf
- National Education Policy 2010 (http://planipolis.iiep.unesco.org/upload/Bangladesh/Bangladesh_National_Education_Policy_2010.pdf)
- Primary Education (Compulsory) Act, 1990 (http://bdlaws.minlaw.gov.bd/bangla_all_sections.php?id=738)
- The Children Act 2013 (http://bdlaws.minlaw. gov.bd/bangla_all_sections.php?id=1119)
- UN Convention on the Rights of the Child
- Women In Informal Employment Globalizing And Organizing (WIEGO) (http://wiego.org/informal- economy/ occupational -groups/waste-pickers)


## Contact


গ্রামবাংলা উন্নয়ন কমিটি

**GRAMBANGLA UNNAYAN COMMITTEE**

House 93, Road 1 (1st Floor)
Mohammadia Housing Society,
Mohammadpur, Dhaka-1207, Bangladesh
E-mail: grambangla@yahoo.com,
web: www.grambanglabd.org
Phone: +88-02-8105000, +8801715020055

# পলিসি ব্রিফ

# বর্জ্যজীবী শিশুদের জন্য শিক্ষা: উন্নত ও মানসম্মত শিক্ষার সুযোগপ্রাপ্তি নিশ্চিত করা

## ভূমিকা:

বাংলাদেশে বর্জ্য সংগ্রহ অত্যন্ত দরিদ্র জনগোষ্ঠীর একটি পেশা। গ্রামবাংলা উন্নয়ন কমিটির এক গবেষণা অনুসারে, দেশে আনুমানিক ৪ লাখ লোক এই পেশার সাথে সম্পৃক্ত হয়ে তাদের জীবন ও জীবিকা টিকিয়ে রেখে চলেছে যাদের মধ্যে কেউ রয়েছে বর্জ্য সংগ্রহ কাজে, কেউ বর্জ্য আলাদা করার কাজে, আবার কেউ রয়েছে এসব বিক্রি করার কাজে যাদের মধ্যে অধিকাংশই নারী ও শিশু (মাকসুদ ২০১১)। দি ন্যাশনাল থ্রি আর (রিডিউস, রিইউজ, রিসাইকেল) স্ট্র্যাটেজি ফর ওয়েস্ট ম্যানেজমেন্ট অব বাংলাদেশ অনুযায়ী বর্জ্যজীবীদের মধ্যে শুধুমাত্র ঢাকা মহানগরীতেই ১ লাখ ২০ হাজার দরিদ্র ও অসহায় লোক এই পেশায় নিয়োজিত (পরিবেশ অধিদপ্তর, ২০০৯)। আন্তর্জাতিক সংস্থা 'উইমেন ইন ইনফরমাল এমপ্লয়মেন্ট: গ্লোবালাইজিং এন্ড অরগানাইজিং (উইগো) এর মতে বর্জ্য সংগ্রহকারীরা স্থানীয় অর্থনীতি, জনস্বাস্থ্য ও নিরাপত্তা এবং টেকসই পরিবেশ উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রেখে থাকে। তবে তারা সর্বদাই নিম্নশ্রেণির সামাজিক মর্যাদা লাভের পাশাপাশি নিম্নমানের জীবনযাত্রা ও সরকারি-বেসরকারি সংস্থা কর্তৃক প্রদত্ত সামান্যতম সুযোগ-সুবিধা পেয়ে থাকে। জাতীয় অর্থনীতিতে বড় ধরনের ভূমিকা থাকা সত্ত্বেও বর্জ্যজীবীরা সমাজের এক অবহেলিত শ্রেণি হিসাবে বিবেচিত। পুষ্টিকর খাবার, স্বাস্থ্যসম্মত আবাসন, প্রাথমিক শিক্ষা, দক্ষতামূলক প্রশিক্ষণ ও শিশুদের ন্যূনতম শিক্ষার সুযোগ থেকে তারা বঞ্চিত।

সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) এর ২০১৫ সালের প্রতিবেদন অনুযায়ী, বিশ্বের অনেক উন্নয়নশীল দেশের মত বাংলাদেশ সর্বজনীন প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ, শিক্ষা লাভে সমতা নিশ্চিতকরণ, ঝরে পড়া শিক্ষার্থীর হার হ্রাসকরণ, প্রাথমিক শিক্ষাচক্র সমাপ্তি, শিক্ষার মান উন্নয়নে পদক্ষেপ গ্রহণ ইত্যাদি ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে; কিন্তু মোট শিশুর একটি বিরাট অংশ এখনও শিক্ষার আলো থেকে বঞ্চিত।

বাংলাদেশ সরকারের প্রতিবেদনে শিক্ষার আলো থেকে বঞ্চিত শিশু হিসেবে প্রতিবন্ধী শিশুদের কথা উল্লেখ করা হলেও সামাজিকভাবে বঞ্চিত শিশু যেমন বর্জ্যজীবী শিশুদের বিষয়ে কিছু উল্লেখ করা হয়নি।

## বর্জ্যজীবী শিশুদের শিক্ষার দিকে আমাদের দৃষ্টিপাত কেন?

আমরা সবাই অবগত যে, শিক্ষা হচ্ছে শিশুদের একটি মৌলিক চাহিদা এবং এটি তাদের অধিকারও। কিছু কিছু সুনির্দিষ্ট কারণ রয়েছে যার ফলে বর্জ্যজীবী শিশুদের শিক্ষার দিকে বিশেষ দৃষ্টি দেয়া প্রয়োজন। এর মধ্যে রয়েছে:

- বাংলাদেশে শিক্ষা হচ্ছে সংবিধানিক অধিকার;
- বাংলাদেশ ১৯৯০ সালে থাইল্যান্ডের জমতিয়েনে অনুষ্ঠিত 'সবার জন্য শিক্ষা বিষয়ক আন্তর্জাতিক ঘোষণা' ও ১৯৯৩ সালে ভারতের নয়াদিল্লীতে অনুষ্ঠিত '৯ বৃহৎ জনগোষ্ঠীর দেশের শীর্ষ বৈঠক' এ গৃহীত প্রস্তাবনায় স্বাক্ষরকারী দেশ;
- জাতিসংঘের শিশু অধিকার সনদ (ইউএনসিআরসি) এর ২৮ অনুচ্ছেদে 'সকল শিশুর জন্য বিনামূল্যে প্রাথমিক শিক্ষা' এর কথা বলা হয়েছে যেখানে বাংলাদেশ একটি অন্যতম প্রধান স্বাক্ষরকারী দেশ;
- সবচেয়ে বিপদাপন্ন জনগোষ্ঠীর উন্নয়ন বিষয় উপেক্ষা করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি-৪) বাস্তবায়ন সম্ভব নয় বিশেষ করে বিপদাপন্ন বর্জ্যজীবী শিশুদের শিক্ষা সংক্রান্ত বিষয় যেখানে জড়িত। এসডিজি-৪-এর মূল লক্ষ্য হল শিক্ষা সুযোগে



*বর্জ্যজীবী শিশুরা ঢাকার মাতুয়াইলে অবস্থিত বর্জ্যস্তূপ থেকে বর্জ্য সংগ্রহে ব্যস্ত*

সবার অর্ন্তভূক্তি এবং মানসম্মত শিক্ষা নিশ্চিত করা এবং সকলের জন্য জীবনব্যাপী শিক্ষা সুযোগ সম্প্রসারণ করা।

- সারাদেশে প্রায় ৪ লাখ বর্জ্যজীবী জনগোষ্ঠী রয়েছে এবং শুধুমাত্র ঢাকা মহানগরীতেই প্রায় ১ লাখ ২০ হাজার বর্জ্যজীবী এই পেশায় জড়িত। এদের মধ্যে অধিকাংশই নারী ও শিশু।

## বর্জ্যজীবী শিশুদের শিক্ষা অর্জনে বাধা কোথায়?

### *নীতিমালা ও অবকাঠামোগত কারণ:*

- 'জাতীয় শিক্ষা নীতি ২০১০' ও 'বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইন ১৯৯০' এর মত নীতিমালা ও আইন বিদ্যমান থাকলেও তা বর্জ্যজীবী শিশুদের ক্ষেত্রে তা যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে না। 'বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইন ১৯৯০' প্রণয়নের পরও এখন পর্যন্ত বাংলাদেশের বিপুল সংখ্যক শিশু অতি দারিদ্র্যের কারণে স্কুলে যায় না।
- শিক্ষা ক্ষেত্রে রয়েছে অপ্রতুল বরাদ্দ; বিশেষ করে সুবিধাবঞ্চিত শিশুদের জন্য এই বরাদ্দ আরও অপর্যাপ্ত।
- বর্জ্যস্তুপের কাছাকাছি শিশুদের জন্য কোন ধরনের প্রাক-বিদ্যালয় কিংবা দিবা যত্ন কেন্দ্র নেই এবং প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের এবং কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের সংখ্যাও অপর্যাপ্ত;
- বর্জ্যজীবী শিশুদের শিক্ষার জন্য সরকারি বরাদ্দ নেই বললেই চলে।

### *সামাজিক ও অর্থনৈতিক কারণ:*

- সাধারণ অর্থনৈতিক বিভাগের মতে ২০১৩ সালে প্রাথমিক শিক্ষাচক্র সমাপ্তির হার ছিল শতকরা ৭৯ ভাগ। প্রতিবেদনে দেখা যায় প্রায় ৫০ লক্ষ শিশু স্কুলের বাইরে আছে যারা অতি দারিদ্র্যের কারণে হয় কখনও স্কুলে যায়নি অথবা স্কুল থেকে ঝরে পড়েছে।
- অধিকাংশ বর্জ্যজীবী নারীই স্বামী পরিত্যাক্তা, তালাকপ্রাপ্তা অথবা বিধবা। সন্তানদের নিয়ে তারা একাই বসবাস করে। তাই নিরাপত্তার অভাবে বর্জ্যজীবী মায়েরা তাদের কম বয়সী সন্তানদেরকে সাথে নিয়ে বর্জ্য সংগ্রহের কাজে বর্জ্যস্তুপে যায়; সরকারী প্রাথমিক স্কুলগুলোতে ক্লাস শুরু হয় সকাল ৯ টায় কিন্তু জীবিকার অন্বেষণে বর্জ্যজীবী নারীরা ভোর ৫ টার মধ্যে কাজে চলে যায়। ফলে এসব বর্জ্যজীবী মায়েদের শিশুদেরকে স্কুলে সাথে করে নিয়ে যাওয়ার মত কেউ থাকে না।
- ছোট্ট শিশুরাও কখনো কখনো সংসারের প্রধান উপার্জনকারীর ভূমিকা পালন করে থাকে।
- একটি বর্জ্যজীবী শিশু দিনে গড়ে ১০০ থেকে ৩০০ টাকা উপার্জন করে থাকে; ফলে স্কুলে যাওয়ার ক্ষেত্রে তাদের আয়ের লোকসান তুলনামূলকভাবে অনেকগুণ বেশি (মাকসুদ ২০১১)।

- শিক্ষার গুরুত্বের ব্যাপারে বর্জ্যজীবী পরিবারের সচেতনতা খুবই কম। এর সাথে রয়েছে বাল্যবিবাহের মত সামাজিক বিরূপ প্রথা যা বর্জ্যজীবী জনগোষ্ঠীর মধ্যে খুবই নৈমিত্তিক। বাল্যবিবাহের ফলে ছেলে শিশু ও মেয়ে শিশু উভয়েরই শিক্ষা বাধাগ্রস্ত হয়।



*বর্জ্যজীবী শিশুরা ঢাকা সিটি করপোরেশনের বুলডোজার মেশিনের উপর অবসর কাটাচ্ছে*

## বর্জ্যজীবী শিশুদের জন্য শিক্ষা নিশ্চিতকরণে বাংলাদেশ সরকারের বাধ্যবাধকতা:

বাংলাদেশ সরকার সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে প্রতিশ্রুতিবদ্ধ এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ৪ অর্জনে সবার জন্য অব্যহত শিক্ষার সুযোগ নিশ্চিত করতেও প্রতিশ্রুতিবদ্ধ। জাতিসংঘের শিশু অধিকার সনদের সাক্ষরকারী দেশ হিসেবে সবার জন্য শিক্ষা নিশ্চিতকরণে বাংলাদেশ সরকার দায়বদ্ধ। সংবিধানের বিধি ১৭ এ বলা হয়েছে-

> *"রাষ্ট্র (ক) একই পদ্ধতির গণমুখী ও সর্বজনীন শিক্ষাব্যবস্থা প্রতিষ্ঠার জন্য এবং আইনের দ্বারা নির্ধারিত স্তর পর্যন্ত সকল শিশুকে অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষাদানের জন্য, (খ) সমাজের প্রয়োজনের সাথে শিক্ষাকে সঙ্গতিপূর্ণ করার জন্য এবং সেই প্রয়োজন সিদ্ধ করার উদ্দেশ্যে যথাযথ প্রশিক্ষণপ্রাপ্ত ও সদিচ্ছা প্রণোদিত নাগরিক সৃষ্টির জন্য, আইনের দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে নিরক্ষরতা দূর করার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে"।*

'বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইন ১৯৯০' এ প্রাথমিক শিক্ষা অবৈতনিক ও বাধ্যতামূলক করা হয়েছে। একটি মৌলিক অধিকার হিসেবে প্রাথমিক শিক্ষা অর্জন নিশ্চিত করার জন্য এই আইনের সংশোধন জরুরী। এই আইনের কার্যকর বাস্তবায়নের উদ্দেশ্যে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন সেল গঠন করা হয়। তবে সংবিধানের বিধি ১৭ (খ) এর আলোকে 'বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইন ১৯৯০' এর সংশোধন করা প্রয়োজন কিংবা এক্ষেত্রে সংবিধানের সংশোধনী আনা প্রয়োজন।



*শিক্ষা নাকি বর্জ্য সংগ্রহ, শিশুরা কোনটি বেছে নেবে?*
*আমাদের সকলকে **অবশ্যই** এটি আরেকবার ভেবে দেখতে হবে*

'উপ-আনুষ্ঠানিক শিক্ষা আইন ২০১৪' তে বলা হয়েছে যে, যেসব শিশু বা কিশোর-কিশোরী স্কুলে যাবার সুযোগ পায়নি অথবা ঝরে পড়েছে, উপ-আনুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থার মাধ্যমে তারা সমমানের প্রাথমিক শিক্ষা লাভের বিকল্প সুযোগ পাবে।

## এখনই যা করা দরকার:

- প্রাথমিক শিক্ষাকে মৌলিক অধিকার হিসেবে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে বাংলাদেশের সংবিধানের বিধি ১৭ (খ) এর আলোকে 'বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইন ১৯৯০' এর সংশোধন প্রয়োজন।
- প্রারম্ভিক যত্ন ও শিক্ষার সুযোগ সৃষ্টির মাধ্যমে বর্জ্যজীবী শিশুদের শিক্ষা ব্যবস্থার আওতায় আনা।
- যেসব এলাকায় 'ডাম্প সাইট' অবস্থিত সেই জায়গাগুলোতে উল্লেখযোগ্য সংখ্যক দিবা-যত্ন কেন্দ্র ও প্রাক-বিদ্যালয় বিকাশ কেন্দ্র স্থাপন; যাতে করে বর্জ্যজীবী মায়েদের মত অসহায় নারীরা কাজে যাওয়ার আগেই শিশুদেরকে সেখানে রেখে যেতে পারে।
- যেসব এলাকায় 'ডাম্প সাইট' অবস্থিত সেই জায়গাতে উল্লেখযোগ্য সংখ্যক একীভূত প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় স্থাপন; যাতে করে অন্য শিশুদের সাথে বর্জ্যজীবী শিশুরাও শিক্ষার সুযোগ পায়।

**তথ্যসূত্র:**


- Department of Environment, Ministry of Environment and Forests, Government of the People's Republic of Bangladesh (2009). *National 3R Strategy for Waste Management*, Dhaka.
- General Economics Division, Planning Commission, Government of the People's Republic of Bangladesh (2016). *7th Five Year Plan FY 2015/16-FY 2019/20: Accelerating Growth, Empowering Citizens*, p.531, Dhaka, Bangladesh.
- Maksud, A K M (2011). *Inhuman Conditions of the Waste Picker Women and Children in Bangladesh*, Dhaka.
- Millennium Development Goals: Bangladesh Progress Report 2015 http://www.plancomm. gov.bd/wp-content/uploads/2015/09/MDGs-Bangladeh-Progress-Report_-PDF_Final_September-2015.pdf
- National Education Policy 2010 (http://planipolis.iiep.unesco.org/upload/Bangladesh/Bangladesh_National_Education_Policy_2010.pdf)
- Primary Education (Compulsory) Act, 1990 (http://bdlaws.minlaw.gov.bd/bangla_all_sections.php?id=738)
- The Children Act 2013 (http://bdlaws.minlaw.gov.bd/bangla_all_ sections.php?id=1119)
- UN Convention on the Rights of the Child
- Women In Informal Employment Globalizing And Organizing (WIEGO) (http://wiego.org/ informal-economy/ occupational-groups/ waste-pickers)


## যোগাযোগ


গ্রামবাংলা উন্নয়ন কমিটি

**গ্রামবাংলা উন্নয়ন কমিটি**
বাড়ী নং- ৯৩, রোড নং-১ (দ্বিতীয় তলা)
মোহাম্মদীয়া হাউজিং সোসাইটি, মোহাম্মদপুর
ঢাকা-১২০৭, বাংলাদেশ
ই-মেইল: grambangla@yahoo.com,
ওয়েব: www.grambanglabd.org,
ফোন: +৮৮-০২-৮১০৫০০০, +৮৮০১৭১৫০২০০৫৫